

ফাতওয়া নম্বর: ৩৫৯

প্রকাশকাল: ২৯-০৩-২০২৩ ইং

মিডিয়া কর্মীদের উপার্জন কী হালাল, না হারাম?

প্রশ্ন:

মিডিয়া কর্মীদের উপার্জন কী হালাল? না, হারাম? যদি হারাম হয় তাহলে তাদের করণীয় কী?

-হামযা হিবাতুল্লাহ

উত্তর:

সততার সঙ্গে এবং তথ্য প্রকাশ ও প্রচারের শরীয়াহ নীতি মেনে কেউ মিডিয়ার কাজ করলে অবশ্যই তার পারিশ্রমিক হালাল হবে। তবে বর্তমান অধিকাংশ মিডিয়া কর্মীই প্রচুর মিথ্যাচার করে। যা প্রকাশ করা নাজায়েয, অসৎ উদ্দেশ্যে তা প্রকাশ করে। আবার যা প্রচার করা জরুরি, তা গোপন করে। কুরআন সুন্নাহ ও ইসলামের প্রতি মানুষের মধ্যে ঘৃণা সৃষ্টির চেষ্টা করে। কুফর শিরক ও বিজাতি সভ্যতা সংস্কৃতিকে স্বাভাবিকরণ ও সৌন্দর্যায়নের চেষ্টা করে। এসব অন্যায় কর্মের পারিশ্রমিক হালাল নয়। তাদের করণীয় হচ্ছে, হারাম উপায়ে উপার্জিত অর্থ থেকে দায়মুক্তির জন্য তা দান করে দেওয়া এবং তাওবা করে এই পথ থেকে ফিরে আসা। -আল-ফাতাওয়াত তাতারখানিয়া: ১৫/১৩০-১৩২, (যাকারিয়া বুক ডিপো); মাজমুউল ফাতাওয়া: ২৮/৪২১-৪২২ (মাজমুউল মালিক ফাহাদ)।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৫-০৭-১৪৪৪ হি.

২৮-০১-২০২৩ ঈ.

